



# বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল

নতুন বিমানবন্দর সড়ক, ফার্মগেট, ঢাকা- ১২১৫

কৃষিই সমৃদ্ধি

স্মারক নং: ১২.২০.০০০০.০০৯.২৫.০০১.১৫.৬৪

তারিখ: ৫৪/০১/২০২৬ খ্রিঃ

মহাপরিচালক  
বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট (বিএলআরআই)  
সাভার, ঢাকা।

**বিষয়ঃ আগামী ২৬-২৮ জানুয়ারি, ২০২৬ খ্রিঃ তারিখে ০৩ (তিন) দিনব্যাপী বিএলআরআই কর্তৃক উদ্ভাবিত প্রযুক্তি বিষয়ক প্রশিক্ষক প্রশিক্ষণ (টিওটি) কর্মসূচিতে রিসোর্স পার্সন মনোনয়ন প্রদান প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট (বিএলআরআই) কর্তৃক উদ্ভাবিত প্রযুক্তি হস্তান্তরের লক্ষ্যে বিএআরসি'র প্রযুক্তি হস্তান্তর ও মনিটরিং ইউনিট (টিটিএমইউ) কর্তৃক ৩ (তিন) দিনব্যাপী একটি প্রশিক্ষক প্রশিক্ষণ (টিওটি) আয়োজনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। প্রশিক্ষণটি আগামী ২৬-২৮ জানুয়ারি, ২০২৬ খ্রিঃ তারিখে কনফারেন্স রুম, সার্ক কৃষি কেন্দ্র, বিএআরসি'তে প্রতিদিন সকাল ৯.৩০ ঘটিকা হতে বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত চলবে। উক্ত প্রশিক্ষণে ২৫ (পঁচিশ) জন উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা/সমমানের কর্মকর্তাগণ অংশগ্রহণ করবেন।

উক্ত প্রশিক্ষণে আপনার প্রতিষ্ঠান হতে বিষয় ভিত্তিক (সংযুক্তি-১) অভিজ্ঞতা সম্পন্ন সাতজন (০৭) বিজ্ঞানীকে (প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তার নীচে নয়) মনোনয়ন প্রদানের জন্য অনুরোধ করা হলো। এছাড়া প্রশিক্ষণার্থীদের মাঝে প্রশিক্ষণ ম্যানুয়েল বিতরণের জন্য সংযুক্ত প্রশিক্ষণের বিষয় অনুযায়ী আপনার মনোনীত বিজ্ঞানী কর্তৃক প্রস্তুতকৃত লেকচার শীট (৬ পৃষ্ঠার উর্ধ্বে নয়) আগামী ২০ জানুয়ারি, ২০২৬ খ্রিঃ তারিখের মধ্যে হার্ডকপি এবং সফটকপি ই-মেইলে (anowarulbarc@gmail.com) প্রেরণের অনুরোধ করা হলো।

*Salauddin*  
(ড. মোঃ আবদুছ ছালিম)

নির্বাহী চেয়ারম্যান (রু. দা)

ফোন: +৮৮০২-৪১০২৫২৫২

ই-মেইল: ec.barc@barc.gov.bd

**সংযুক্তি-১: প্রশিক্ষণের বিষয়সমূহ।**

**অনুলিপি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১. মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, ফার্মগেট, ঢাকা।
২. সদস্য পরিচালক (শস্য), বিএআরসি, ফার্মগেট, ঢাকা-১২১৫।
৩. পরিচালক (কম্পিউটার ও জিআইএস), বিএআরসি, ফার্মগেট, ঢাকা-১২১৫ (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
৪. পরিচালক (টিটিএমইউ), বিএআরসি, ঢাকা-১২১৫।
৫. পরিচালক (জনশক্তি ও প্রশিক্ষণ), বিএআরসি, ফার্মগেট, ঢাকা-১২১৫।
৬. অফিস কপি।

ফোন: +৮৮ ০২-৪১০২৫২৫২; ফ্যাক্স: +৮৮ ০২- ২২২২৪২৬৪৬

ই-মেইল: ec-barc@barc.gov.bd, info@barc.gov.bd; ওয়েবসাইট: www.barc.gov.bd